



আজ থেকে দেশজুড়ে হামের টিকাদান কার্যক্রম শুরু



ছবি: সংগৃহীত

সারা দেশে হামের টিকাদান কর্মসূচি আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে। সোমবার (২০ এপ্রিল) সকালে নারায়ণগঞ্জের জিন্দাপার্ক আয়োজিত অনুষ্ঠানে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন এ কার্যক্রমের উদ্বোধন করেন।

স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, এ কর্মসূচির আওতায় ৬ মাস থেকে ৫৯ মাস বয়সী প্রায় ১ কোটি ৮০ লাখ শিশুকে টিকার আওতায় আনার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

কর্মসূচির প্রথম ধাপ শুরু হয় ৫ এপ্রিল, যা চলবে ২৫ এপ্রিল পর্যন্ত। পরবর্তী ধাপ শুরু হয়েছে ১২ এপ্রিল থেকে, যা চলবে ১২ মে পর্যন্ত।

এর আগে প্রথম পর্যায়ে দেশের ১৮টি জেলার ৩০টি উপজেলায় হাম-রুবেলা টিকাদান কার্যক্রম চালু করা হয়। পরে দ্বিতীয় ধাপে ঢাকা উত্তর ও দক্ষিণসহ বরিশাল ও ময়মনসিংহ—এই চারটি সিটি করপোরেশনে একযোগে কর্মসূচি সম্প্রসারণ করা হয়েছে।

সাপ্তাহিক ছুটির দিন ছাড়া প্রতিদিন সকাল ৮টা থেকে দেশের স্থায়ী ও অস্থায়ী সব টিকাদান কেন্দ্রে এই কার্যক্রম পরিচালিত হচ্ছে।